দর্শনা কেরু চিনিকলের অভ্যন্তরীণ সড়কগুলো খানা- খন্দে পরিণত

দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি চিনিকলের অভ্যন্তরীণ সড়কগুলো বর্তমানে বেহাল দশায় পরিণত হয়েছে। সড়কজুড়ে পিচ উঠে গিয়ে বড় বড় খানাখন্দ সৃষ্টি হওয়ায় শ্রমিক, কর্মচারী ও সাধারণ মানুষের চলাচলে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে।

দর্শনা-মুজিবনগর মহাসড়ক থেকে কেরু চিনিকলের প্রধান গেট হয়ে ২ নম্বর বাংলো, মেইন গেট থেকে হাসপাতাল সড়ক, জেনারেল অফিসের সামনে থেকে বাজার মাঠের দক্ষিণ-পূর্ব লোহার গেট এবং ক্লাব সংলগ্ন সড়কসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় একই অবস্থা দেখা গেছে।

স্থানীয়দের অভিযোগ, প্রতিটি সড়কে পিচ উঠে গিয়ে বড় বড় গর্ত তৈরি হয়েছে। এতে চিনিকলের ভেতরে চলাচলকারী ট্রাক্টর, ট্রাক, জিপসহ বাইরের থেকে চিনি নিতে আসা যানবাহনগুলো ঝুঁকি নিয়ে চলাচল করছে।

আগামী আখ মাড়াই মৌসুম শুরুর আগেই সড়কগুলো জরুরি ভিত্তিতে সংস্কারের দাবি জানিয়েছেন শ্রমিক ও স্থানীয়রা।

এ বিষয়ে কেরু অ্যান্ড কোম্পানি চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান বলেন, “বিষয়টি দর্শনা পৌরসভাকে জানানো হবে। পাশাপাশি আমরা দ্রুত সড়কগুলো সংস্কারের চেষ্টা করবো।”

গাংনীতে অভ্যন্তরীণ আমন ধান ও চাউল সংগ্রহের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে চলতি ২০২৫-২৬ অর্থ বছরে আমন মৌসুমে অভ্যন্তরীণ ধান ও চাল সংগ্রহের উদ্বোধন করা হয়েছে।

‎‎সোমবার সকাল ১১ টায় উপজেলা প্রশাসন ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের আয়োজনে খাদ্য গুদাম চত্বরে আমন ধান ও চাউল সংগ্রহের উদ্বোধন করা হয়।

‎‎চলতি মৌসুমে গাংনীতে আমন ধান সংগ্রহের প্রস্তাবিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৪৩ মেট্রিকটন, চালের লক্ষ্যমাত্রা ৩২৬ মেট্রিকটন। ধানের সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে কেজি প্রতি ৩৪ টাকা এবং চাল ৫০ টাকা। এর মধ্যে উপজেলা কৃষি অফিসের আওয়াতাভুক্ত কৃষকদের কাছ থেকে সরাসরি ধান সংগ্রহ করা হবে এবং চুক্তিবদ্ধ চাল কল মালিকদের নিকট থেকে চাউল সংগ্রহ করা হবে।

‎‎এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন, সহকারী কমিশনার (ভূমি) মোঃ নাবিদ হোসেন, উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোছাঃ ইশরাত জাহান,উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী (ভারপ্রাপ্ত) মাসুম বিল্লাহ, কারিগরি খাদ্য পরিদর্শক ইকবাল হোসেন, ওসি এলএসডি মোঃ মাহমুদুল হাসান, উপজেলা খাদ্য পরিদর্শক মোহাম্মদ ফাহিম ফয়সাল, উপজেলা চাল কল মালিক সমিতির সভাপতি মোঃ শহিদুল হক সহ উপজেলা বিভিন্ন কৃষক এবং চাল কল মালিকেরা।

আলমডাঙ্গায় অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ অভিযানের উদ্বোধন

আলমডাঙ্গায় অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ অভিযান ২৩-২৪ উদ্বোধন করা হয়েছে। উপজেলা সংগ্রহ ও মনিটারিং কমিটির আয়োজনে গতকাল বুধবার সকাল ১১টায় খাদ্য গুদাম চত্বরে এ অভিযানের উদ্বোধন করা হয়।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ধান ও চাল সংগ্রহ অভিযানের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভীন,উপজেলা ফুড অফিসার আব্দুল হামিদ,উপজেলা ভারপ্রাপ্ত গোডাউন কর্মকর্তা আব্দুল আলিম, মিল চাতাল মালিক সমিতির সভাপতি আশরাফুল ইসলাম, সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন, সাংগঠনিক সম্পাদক জয়নাল আবেদিন ক্যাপ জয়নাল, সিরাজ এগ্রো ফুডের স্বত্বাধীকারি পক্ষের আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

উপজেলা খাদ্য অফিস সুত্র জানায় এবার ৪৪ টাকা দরে ৩৮০ মেট্রিক টন চাল ও ৩০ টাকা দরে ৬৩৬ মেট্রিক টন ধান সংগ্রহ করবে সরকার।

উপজেলা কৃষি অফিস থেকে প্রকৃত কৃষকদের তালিকা দিলে সেই তালিকা মোতাবেক কৃষকদের কাছ ধান ক্রয় করা হবে। এছাড়া তালিকা ভুক্ত মিল চাতাল মালিকদের কাছ থেকে সরকারি দরে চাল ক্রয় করা হবে।